দৈনিক বাংলা

তারিখ ... 18 AUG 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ... ৫ ...

25

ইসলামী বিশ্ববিদ্যালয়

# ভিসি'র বিরুদ্ধে অভিযোগ তদন্ত হবে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেকের আহ্বানে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি একটি প্রতিনিধিদল রোববার শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে দেখা করেন।

সাক্ষাৎকালে শিক্ষক নেতৃবৃন্দ ইসলামী বিশ্ববিদ্যালয়ে দু'মাস ধরে অচলাবস্থা ও বিরাজমান পরিস্থিতি ব্যাখ্যা করেন এবং একটি গ্রহণযোগ্য সমাধানের প্রত্যাশা করেন।

শিক্ষামন্ত্রী ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকদের দাবী-দাওয়ার বিভিন্ন

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ভিসি'র বিরুদ্ধে

(প্রথম পৃষ্ঠার পর)

দিকের আইনগত বিষয়সমূহ ব্যাখ্যা করেন। তিনি শিক্ষকদের বলেন, বর্তমান সরকার ক্ষুদ্র রাজনৈতিক স্বার্থকে এড়িয়ে প্রশাসনের স্বচ্ছতা বজায় রাখতে ইচ্ছুক। খবর তথ্য বিবরণীর।

মন্ত্রী ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের বিরুদ্ধে ছাত্র-শিক্ষকদের অভিযোগের পরিপ্রেক্ষিতে বলেন, সরকার এসব অভিযোগের বিষয়ে শীঘ্রই তদন্ত কমিটি গঠন করবেন এবং তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে দ্রুত ব্যবস্থা নেয়া হবে।

এ প্রসঙ্গে শিক্ষামন্ত্রী ছাত্রদের বৃহত্তর স্বার্থে শিক্ষকদের ক্লাস শুরু করার আহ্বান জানিয়ে বলেন, সরকার অবশ্যই তার নিজস্ব প্রক্রিয়ার মাধ্যমে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে, কিন্তু এর ফলে কোনভাবেই শিক্ষাজীবন যাতে ব্যাহত না হয়, তার দিকেও সকলকে নজর দিতে হবে।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নেতারা শিক্ষামন্ত্রীকে জানান, বিভিন্ন অজুহাতে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, অফিসার ও কর্মচারীদের বেতন ভিসি বন্ধ করে রেখেছেন। মন্ত্রী এ সংবাদে অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত যাতে শিক্ষক-কর্মচারীরা বেতন পেতে পারেন তার ব্যবস্থা নেয়া হবে বলে আশ্বাস প্রদান করেন।